

বছরসমূহের (৪ বছর) প্রধান অর্জনসমূহ:

অত্র ইনস্টিটিউট ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীদেরকে প্রশিক্ষণের মাধ্যমে ডিপ্লোমা ডিগ্রী অর্জনের উপযোগী করে গড়ে তোলা হচ্ছে। ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ এবং ২০১৯-২০ সালে যথাক্রমে ১০১ জন, ১০৪ জন এবং ১৪২ জন, ১১৮ জন শিক্ষার্থীকে ভর্তি করে বিভিন্ন বর্ষে পাঠদানের কাজ চলছে। শিকখা (শিখি-করি-খাই) বিশেষ কর্মসূচীর মাধ্যমে শিক্ষার্থীদেরকে হাতে কলমে শিক্ষাদান করে আত্মকর্মসংস্থান উপযোগী করে গড়ে তোলা হচ্ছে। এলক্ষ্যে অত্র প্রতিষ্ঠানে ২০১৩-১৪ অর্থ বছরে ১৪ একর জংগলময় পতিত জায়গাকে আবাদী জমিতে পরিণত করা এবং চলতি ২০১৭-১৮ অর্থবছরে অতিরিক্ত আরও ০৩ একর জংগলময় এবং ডোবা নালায় পরিপূর্ণ জায়গাকে পুকুরে পরিণত করে মাছ+ধান এবং হাঁস চাষের সমন্বিত ব্যবস্থার প্রবর্তন করা হয়েছে। এপর্যন্ত প্রায় ১১০০ খাকী ক্যাম্বেল ও জিংডিং জাতের হাঁস পালন করা হচ্ছে। তাছাড়া এবছরই প্রথম অত্র প্রতিষ্ঠানে ০৪টি গরু ক্রয় করে এবিষয়ে ছাত্রছাত্রীদের পশুপালন, পাখি পালন, হাঁস-মুরগী পালনের জন্য ব্যবহারিক শিক্ষার ক্ষেত্র সৃষ্টি করে উৎপাদনমুখী শিক্ষা ব্যবস্থাকে আরও জোরদার করা হয়েছে।